



Balurghat College

(Govt. Sponsored)

P.O. Balurghat, Dist. Dakshin Dinajpur, West Bengal, Pin-733101, India, Web : balurghatcollege.ac.in

Notice no. 25-20/288

Date : 03.12.2020

দ্বিতীয় সেমেস্টারে ভর্তির বিজ্ঞপ্তি

২০১৯-২০ শিক্ষাবর্ষের যে সমস্ত ছাত্র-ছাত্রী প্রথম সেমেস্টারের পাঠক্রম শেষ করেছে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মাধ্যমে তাদের দ্বিতীয় সেমেস্টারের ভর্তি করোনা অতিমারির জন্য অনেক বিলম্ব হয়েছে। এইসমস্ত ছাত্র-ছাত্রীদের এখন অন-লাইন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে কলেজে উপস্থিত না হয়ে আগামী ৫/১২/২০২০ থেকে ১১/১২/২০২০-র মধ্যে ভর্তি হবার জন্য বলা হচ্ছে। প্রত্যেক ছাত্র-ছাত্রীর ভর্তির জন্য কত টাকা লাগবে, সেই তথ্য কলেজের ওয়েবসাইটে দেওয়া হয়েছে। সমগ্র ভর্তি প্রক্রিয়াটি কিভাবে হবে তার বিস্তারিত বিবরণ সহ একটি ভিডিও কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে।

দ্বিতীয় সেমেস্টারের ভর্তি প্রক্রিয়া শেষ হলেই তৃতীয় সেমেস্টারের ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হবে। যে সমস্ত ছাত্র-ছাত্রীরা বিভিন্ন রকমের স্কলারশিপ পেয়ে থাকে, তাদের জন্য এই ভর্তি সম্পন্ন হওয়া অত্যন্ত জরুরী। ভর্তি সম্পন্ন হলে এবং ভর্তির রসিদ প্রমান হিসেবে দাখিল করতে পারলে তবেই স্কলারশিপের আবেদন গ্রাহ্য হয়। সকলকে মনে রাখতে হবে অনলাইনে স্কলারশিপের আবেদনের ক্ষেত্রে পরবর্তী ক্লাসে উত্তীর্ণ হওয়ার প্রমান দাখিল করতে পারলে তবেই আবেদন বিবেচিত হয়ে থাকে।

দ্বিতীয় এবং তৃতীয় সেমেস্টারের ভর্তি সম্পন্ন হয়ে গেলে, অনলাইন এবং অফ-লাইন, উভয় প্রক্রিয়ায় স্কলারশিপের ব্যাপারে বিস্তারিত বিজ্ঞপ্তি দেওয়া হবে। ছাত্র-ছাত্রীদের আবারও স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে যে ভর্তির জন্য কলেজ প্রাঙ্গনে আসবার কোনো দরকার নাই। অনলাইনে ভর্তি হয়ে গেলে ভর্তির রসিদ যত্ন সহকারে নিজের কাছে রাখতে হবে কারণ ভবিষ্যতে যে কোনো প্রয়োজনে কলেজে এই রসিদটি দেখাতে হবে।

অনুলিপি প্রেরিত হলো : -

১. কলেজ ওয়েবসাইট
২. হোয়াটসআপ গ্রুপ
(অধ্যাপক ও শিক্ষাকর্মী)
৩. গার্ড ফাইল

৯: ৫৫ ০৩-১২-২০২০
(ড: পঙ্কজ কণ্ডু)
Principal
Balurghat College
অধ্যক্ষ
বালুরঘাট কলেজ